বিএনপি বাংলাদেশে ‘দুর্নীতির বিষবৃক্ষ’ রোপণ করে গেছে: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বিগত বিএনপি সরকার ‘দুর্নীতির বিষবৃক্ষ রোপণ’ করে গেছে এবং বাংলাদেশ এখন তার ফল ভোগ করছে।

তিনি বলেন, ‘বিএনপির কাছে ক্ষমতা হলো দুর্নীতির মাধ্যমে টাকা কামানোর উপায় এবং দেশ এখন তাদের পাঁচ বছরের দুঃশাসনকালে রোপণ করা বিষবৃক্ষের মূল্য দিচ্ছে।’

ভার্চুয়াল আলোচনায় সভাপতিত্বকালে প্রধানমন্ত্রী এবং আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা বলেন, তার সরকার একের পর এক দুর্নীতি এবং এর সঙ্গে জড়িতদের গ্রেফতার করছে।

২০০৪ সালে আওয়ামী লীগের সমাবেশে বর্বর গ্রেনেড হামলার ঘটনায় জড়িত থাকার জন্য বিএনপি-জামায়াত জোটকে অভিযুক্ত করে তিনি বলেন, হত্যাকাণ্ড বিএনপির অভ্যাস।

তিনি বলেন, ‘(সত্যিকারেই) হত্যাকাণ্ড বিএনপির অভ্যাস, তারা দেশের স্বাধীনতা এবং স্বাধীনতা যুদ্ধের চেতনায় বিশ্বাস করে না।’

২০০৪ সালের ২১ আগস্ট রাজধানীতে একটি সন্ত্রাস বিরোধী শান্তি সমাবেশে ভয়াবহ বোমা হামলার ১৬তম বার্ষিকী পালন উপলক্ষে আজ সকালে বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে বাংলাদেশ আওয়ামী লীগ ভার্চুয়াল আলোচনা সভার আয়োজন করে।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে আলোচনায় অংশ নেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক যোগাযোগ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের আলোচনা সভায় সূচনা বক্তব্য রাখেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন দলের প্রচার ও প্রকাশনা সম্পাদক ড. আবদুস সোবহান গোলাপ।

দলের অন্যান্য কেন্দ্রীয় নেতারা দলীয় কার্যালয়ে মঞ্চে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের শুরুতে ২১ আগস্টের গ্রেনেড হামলা এবং ১৫ আগস্টের হত্যাযজ্ঞে শহীদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নীরবতা পালন করা হয়।

২১ আগস্টের হামলায় আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক এবং মরহুম রাষ্ট্রপতি জিল্লুর রহমানের সহধর্মিণীসহ ২৪ জন প্রাণ হারিয়েছেন এবং ৫০০ বেশি লোক আহত হয়েছেন। আহতদের অনেকেই সারাজীবনের জন্য পঙ্গু হয়ে গেছেন।

সর্বশক্তিমান আল্লাহতায়ালার অশেষ রহমতে তৎকালীন বিরোধীদলীয় নেতা এবং বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং আওয়ামী লীগের প্রথম সারির অন্যান্য নেতারা কোনরকমে প্রাণে রক্ষা পান। বাসস

চুয়াডাঙ্গায় আওয়ামী লীগের দু’পক্ষের পাল্টাপাল্টি মামলা

সামাজিক যোগাযোগ মাধ্যমে অপপ্রচার চালানোকে কেন্দ্র করে আওয়ামীলীগের দুটি পক্ষ পাল্টাপাল্টি মামলা দায়ের করেছে।

মঙ্গলবার রাতে জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন এবং অপর পক্ষে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা দায়ের করেন। দু’পক্ষই ডিজিটাল নিরাপত্তা আইনে এ মামলা দায়ের করে।

চুয়াডাঙ্গা সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) আবু জিহাদ বলেন, চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুনের বক্তব্যের ভিডিও বিকৃত করে সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করার অভিযোগে ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেন মামলা দায়ের করেছেন।

অপর দিকে পৌর মেয়র ওবায়দুর রহমান চৌধুরী জিপুর বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে ভিজিএফ-এর চাল নিয়ে মিথ্যা অপবাদ প্রচার করার অভিযোগে স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি মামলা দায়ের করেছেন।

জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনের দায়ের করা মামলায় ছাত্রলীগ নেতা রকিবুল ইসলাম নিপ্পনসহ ৬ জনের নাম উল্লেখ করে

অজ্ঞাতনামা আরও ৪০/৫০ জনকে আসামি করা হয়েছে।

এজাহারে উল্লেখ করা হয়েছে, গত ১৩ আগস্ট জেলা শিল্পকলা একাডেমী চত্বরে ‘অস্থায়ী পুলিশ ক্যাম্পের ভবিষ্যৎ নির্ধারণে ওয়ার্কশপ’ শীর্ষক আলোচনা সভায় অংশ নেন চুয়াডাঙ্গা-১ আসনের সংসদ সদস্য সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এসময় তিনি প্রধান অতিথির বক্তব্যে ১৬ মিনিট ৫৪ সেকেন্ড বক্তব্য রাখেন। কিন্তু ওই বক্তব্য ইচ্ছাকৃতভাবে কর্তন ও এডিট করে ৩০ সেকেন্ডের একটি অসত্য ও বিকৃত ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে (ফেসবুক) প্রচার করা হয়।

অপরদিকে জেলা স্বেচ্ছাসেবক লীগের সদস্য মাফিজুর রহমান মাফি জেলা ছাত্রলীগের সহ-সভাপতি সাহাবুল হোসেনসহ ৫ জনের নাম উল্লেখ করে একই ধারার মামলা দায়ের করেছেন।

তিনি মামলার এজাহারে উল্লেখ করেন, গত ১৭ আগস্ট ভিজিএফের চাল নিয়ে চুয়াডাঙ্গার পৌর মেয়র ওবায়দুর রহমানের নামে মিথ্যা ও মানহানিকর তথ্য প্রচার করা হয়। আসামীরা তাদের ব্যক্তিগত ফেসবুক ওয়ালে মেয়রের নামে ভিত্তিহীন অপবাদ দিয়ে কুরুচিপূর্ণ স্ট্যাটাস পোস্ট করে।

ওসি আরো জানান, দুপক্ষের দুটি লিখিত অভিযোগ পেয়েছি। মামলা দুটি রেকর্ড হয়েছে। পরবর্তিতে আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

বঙ্গবন্ধু পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাস ও দূর্ণীতিমুক্ত দেশ গড়ার -এমপি চঞ্চল

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার বলুহর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার দুপুর ১ টার দিকে বলুহর ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউনিয়ন আ.লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য ও বাংলাদেশ রেলপথ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বঙ্গবন্ধু আমাদের পথ দেখিয়ে গিয়েছিলেন সন্ত্রাসমুক্ত, দুর্নীতিমুক্ত দেশ গড়ার। জাতির জনকের হত্যাকারীদের ইনডেমনেটি দিয়ে জিয়া খুনিদের পুরস্কৃত ও পুনঃবাসন করে। বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার জন্য জাতির জনকের কন্যা জননেত্রী শেখ হাসিনা কাজ করে চলেছেন।

আজ গর্ব করে বলতে পারি আমরা এখন আমাদের অর্থে বাজেট বাস্তবায়ন করি। আমরা নিজেদের অর্থে পদ্মা সেতু করেছি। প্রধান অতিথির এ বক্তব্যে সভায় আগত সকলে আবেগ আপ্লুত হয়ে পড়েন।

অন্যান্যদের মধ্যে সভায় আরও বক্তব্য রাখেন উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, বলুহর ইউপি চেয়ারম্যান আঃ মতিন, উপজেলা আ.লীগের যুগ্ন-সাধারণ সম্পাদক সামাউল হক লাড্ডু, কুশনা ইউপি চেয়ারম্যান আঃ হান্নান, জাসদ নেতা শামিম আক্তার বাবু, আ.লীগ নেতা আকিমুল ইসলাম, আবুল হোসেন, মহিলা নেত্রী রুবিনা খাতুন প্রমূখ।

অনুষ্ঠানটি পরিচালনা করেন উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি শেখ শাহীন। পরে বঙ্গবন্ধু ও তার পরিবার সহ দেশ ও জাতির মঙ্গল কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

মেহেরপুর হাসপাতালে চিকিৎসা সেবায় সুরক্ষা সামগ্রী প্রদান

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপির উদ্যোগে করোনাকালীন

চিকিৎসা সেবার সহায়তায় মেহেরপুর জেনারেল হাসপাতালে সুরক্ষা সামগ্রী প্রদান করেছে মেহেরপুর জেলা আওয়ামী লীগ।

মঙ্গলবার সকাল ১০টার দিকে মেহেরপুর জেনারেল হাসপাতালের সম্মেলন কক্ষে তত্ত্বাবধায়ক ডা. রফিকুল ইসলামের হাতে এসকল সামগী তুলে দেন জেলা আওয়ামীলীগের শীর্ষ নেতৃবৃন্দ।

সিভিল সার্জন ডা: নাসির উদ্দিন, বিএমএ’র সাধারণ সম্পাদক ডা: আবু তাহের সিদ্দিকী, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল হালিম, যুগ্ন সম্পাদক ইব্রাহীম শাহীন, আমদহ ইউপি চেয়ারম্যান আনারুল ইসলাম, বুড়িপোতা ইউপি চেয়ারম্যান শাহ জামান, জেলা সেচ্ছাসেবকলীগের যুগ্ম আহবায়ক মতিউর রহমান মতিনসহ আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় অক্সিজেন কনসেন্ট্রেটর মেশিন, পিপিই, মাস্ক, সেনিটাইজার সহ ১৪ প্রকারের সুরক্ষা সামগ্রী প্রদান করা হয়।

রাষ্ট্রধর্ম ইসলাম ইস্যুতে ষড়যন্ত্র হলে জনগণ জবাব দেবে: বাবুনগরী

সংবিধান থেকে রাষ্ট্রধর্ম ইসলাম বাদ দিয়ে ধর্মনিরপেক্ষতা লেখা চালু করার দাবিতে মাইনরিটি সংগ্রাম পরিষদের সভাপতি অশোক কুমার সাহার পক্ষে সুপ্রিমকোর্টের আইনজীবী অশোক কুমার ঘোষের লিগ্যাল নোটিশ পাঠানোর ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন হেফাজতে ইসলাম বাংলাদেশের মহাসচিব আল্লামা জুনায়েদ বাবুনগরী।

মঙ্গলবার দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি বলেন, রাষ্ট্রধর্ম ইসলামের মতো একটি মীমাংসিত ইস্যুতে নতুন করে বিতর্ক তৈরি করে দেশের সার্বিক পরিস্থিতি অস্থিতিশীল করার লক্ষ্যে তথাকথিত ‘মাইনরিটি সংগ্রাম পরিষদ’ এর সভাপতি অশোক কুমার সাহা এই লিগ্যাল নোটিশ পাঠিয়েছেন বলে আমরা মনে করি। রাষ্ট্রধর্ম ইস্যুটি

২০১৬ সালে আদালত মীমাংসা করে দিয়েছেন। তাই এই বিষয়ে নতুন করে বিতর্ক তোলার কোনো যৌক্তিকতা নেই।

বাবুনগরী আরও বলেন, আমাদের ধারণা, এটিকে ইস্যু বানিয়ে দেশের পরিস্থিতি ঘোলাটে করার অপচেষ্টায় লিপ্ত রয়েছে ইসলাম ও দেশবিরোধী শক্তি। তাই সংশ্লিষ্ট মহলকে দ্রুত ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জোর দাবি জানাচ্ছি।

সরকারের প্রতি আহ্বান জানিয়ে হেফাজতের এ নেতা বলেন, যারা এই দেশের সংখ্যাগরিষ্ঠ জনগণের ধর্মীয় আবেগ-অনুভূতি নিয়ে তামাশা করতে চায়, তাদের কঠোর হস্তে দমন করুন। মীমাংসিত ইস্যুতে নতুন করে বিতর্ক তুলে কারা ঘোলা পানিতে মাছ শিকার করতে চায়, তা খুঁজে বের করুন। অন্যথায় দেশের তৌহিদি জনতা পূর্বের ন্যায় মাঠে নেমে আসবে।

আল্লামা বাবুনগরী বলেন, ইসলামবিরোধী ষড়যন্ত্রকারী কুচক্রী মহলের উদ্দেশে বলতে চাই, এই দেশ মুসলমানের দেশ। এই দেশের রাষ্ট্রধর্ম ইসলাম ছিল, ইসলামই থাকবে, ইনশাআল্লাহ। এই দেশের মাটিতে জন্ম নিয়ে, এই দেশের খেয়ে পরে বেড়ে উঠে, এই দেশেরই বিরুদ্ধে ষড়যন্ত্র করবেন না।

‘তৌহিদি জনতা তা বরদাশত করবে না। রাষ্ট্রধর্ম ইসলাম বাংলাদেশের মাইনরটিদের জন্য কোনো কালেই সমস্যা ছিল না, আগামীতেও সমস্যার কারণ হবে না। অযথা ষড়যন্ত্র থেকে বিরত থাকুন। না হয় দেশের আপামর তৌহিদি দেশপ্রেমী জনতা আপনাদের উপযুক্ত জবাব দেবে। সূত্র-যুগান্তর

বাগোয়ান ইউপি চেয়ারম্যান ও তার স্ত্রী করোনা মুক্ত

১৪ দিন নিজ বাড়িতে আইসোলেশনের থাকার পর অবশেষে করোনা মুক্ত হয়েছেন বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেন ও তার সহধর্মিনী নারভিনা খাতুন।

সোমবার রাত ১০ টার দিকে মুঠোফোনের মাধ্যেমে ইউপি চেয়ারম্যান মেহেরপুর প্রতিদিনকে করোনা মুক্ত হওয়ার বিষয় নিশ্চিত করেন।

তিনি জানান, করোনা পজিটিভ আসার ১২ দিনের মাথায় আবারো আমার নমুনা পাঠানো হয়। আজ সোমবার ১৪ দিন চলমান রাতে আমার নমুনার রিপোর্ট আসলে সেখানে আমার ও আমার সহধর্মিনির রিপোর্ট নেগেটিভ আসে।

মুজিবনগর উপজেলা স্বাস্থ কমপ্লেক্স পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.রেজওয়ান আহম্মেদ জানান, চেয়ারম্যান ও তার সহধর্মিনির আজ ১৪ দিন হোমকোয়ারিন্টিন শেষ হতে চলেছে।

এছাড়া তিনার শেষ রিপোর্ট নেগেটিভ এসেছে। স্বাস্থ বিভাগের পক্ষ থেকে তাদের করোনা মুক্ত ঘোষনা করা হয়েছে।

উল্যেখ্য,ঈদের আগের দিন থেকে ঠান্ডা- জ্বর জনিত কারনে চেয়ারম্যান ও তার স্ত্রীর নমুনা সংগ্রহ করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠায়। নমুনা পাঠানো হলে গত ৪ তারিখ সন্ধায় তাদের দুজনের রিপোর্ট পজেটিভ আসে।

হারদী ইউনিয়ন যুবলীগের জাতীয় শোক দিবস পালন

আলমডাঙ্গার হারদী ইউনিয়ন যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু’র ৪৫ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। গতকাল ১৬ আগস্ট বিকেলে হারদী মীর সামসুল আহম্মেদ মাধ্যমিক বিদ্যালয় মাঠে শোক দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আলোচনা সভায় ইউনিয়ন যুবলীগের নেতা শাহানুর রহমানের সভাপতিত্বে প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক জিল্লুর রহমান জিল্লু। তিনি বলেন, ১৫ আগস্ট দেশের কিছু মীর জাফর বিশ্বাস ঘাতক বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করে। এখনও সেই বিশ্বাস

ঘাতকরা আমাদের চারপাশে ঘুরে বেড়াচ্ছে। আমাদের সচেতন হতে হবে।

আওয়ামী লীগের সভনেত্রী প্রধান মন্ত্রীর হাতকে শক্তিশালী করতে হবে। সেদিক মাথায় রেখে চুয়াডাঙ্গা জেলা যুবলীগের কান্ডারী নঈম হাসান জোয়ার্দ্দারের হাতকে শক্তিশালী করতে হবে।
আলমডাঙ্গা সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক সেলিম রেজা তপনের পরিচালনায় আরো বক্তব্য রাখেন কেন্দ্রীয় যুবলীগ সাবেক নেতা মাসুদ মোস্তাফিজ, জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাকু, আজাদ ও শুভ।

স্বাগত বক্তব্য রাখে উপজেলা ছাত্রলীগের নেতা ইসতিয়াজ মিজান নিপ্পন, হারদী ইউনিয়ন আওয়ামী লীগের সহসভাপতি আব্দুল হামিদ, যুবলীগ নেতা শেখ শাহিনুর রহমান, হারুন- অর-রশিদ, হিরোক মেম্বার। এছাড়াও উপস্থিত ছিলেন যুবলীগ নেতা রুবেল, হাবিবুর রহমান প্রমুখ।

আলমডাঙ্গায় কৃষকলীগের জাতীয় শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা কৃষকলীগের উদ্যোগে বঙ্গবন্ধুর ৪৫ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়। উপজেলা কৃষকলীগের কার্যালয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় উপজেলা কৃষকলীগের সহসভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সভাপতি এম আজিজুল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষকলীগের সহসভাপতি মোহন মিয়া, সাধারণ সম্পাদক খন্দকার বজলুল করিম, সহ দপ্তর সম্পাদক ফজলুুর রহমান, কার্যকারী পরিশোধের নির্বাহী সদস্য মুক্তিযোদ্ধা শ্রী সৌমেন্দ্রনাথ সাহা।

উপজেলা কৃষকলীগের দপ্তর সম্পাদক সাহাবুল হকের পরিচালনায় সভায় আরও

উপস্থিত ছিলেন সাকের আলী, মজিবুল হক, দেলোয়ার রহমান, রাজ কুমার ব্যাধ, মন্টু মিয়া, লাল্টু, মহেশ কুমার, বদর উদ্দিন, ওহাবসহ বিভিন্ন ইউনিয়নের কৃষকলীগ নেতাকর্মী।

আলমডাঙ্গায় যুবলীগের জাতীয় শোক দিবস পালন

আলমডাঙ্গা উপজেলা ও পৌর যুবলীগের উদ্যোগে বঙ্গবন্ধু’র ৪৫ তম মৃত্যু বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে। শোক দিবস উপলক্ষ্যে দিনের শুরুতেই জাতীয় ও কালো পতাকা উত্তোলন, জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, শহরের বিভিন্ন মোড়ে মাস্ক বিতরণ, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

আলোচনা সভায় উপজেলা যুবলীগের আহ্বায়ক আনোয়ার হোসেন সোনাহার মন্ডলেল সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা যুবলীগের আহ্বায়ক ও জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দ্দার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা যুবলীগের যুগ্ম-আহ্বায়ক জিল্লুর রহমান, কেন্দ্রীয় যুবলীগ নেতা মাসুদ মোস্তাফিজ, জেলা যুবলীগের সদস্য হাফিজুর রহমান হাকু, আজাদ, শুভ। উপজেলা যুবলীগের সদস্য সিদ্দিকুর রহমানের পরিচালনায় আরো উপস্থিত ছিলেন পৌর যুবলীগের আহ্বায়ক আশাদুল ইসলাম ডিটু, যুগ্ম-আহ্বায়ক জাহেদুল ইসলাম, মামুনুর রশিদ হাসান।

উপজেলা যুবলীগের সদস্য সাইফুল ইসলাম, মনিরুজ্জামান হিটু, সনি, চন্দন, জাহাঙ্গীর,পাপন, সাব্বির, হাসিব, রকি। পৌর যুবলীগের সদস্য সোহাগ, আনিছ, রায়হান, রনি ডাক্তার, রিপন, সাগর, পিয়াস, রুবেলসহ বিভিন্ন ইউনিয়নের নেত্রবৃন্দ।

গাংনীর সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে শাহাদাত বার্ষিকী পালন

মেহেরপুরের গাংনী উপজেলা সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগের উদ্যোগে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, স্বাধীনতার রুপকার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫ তম শাহাদত বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সন্ধ্যায় সাহারবাটি চারচারা বাজারে সাহারবাটি ওয়ার্ড আওয়ামী লীগ দোয়া মাহফিল, আলোচনা সভা ও কাঙ্গালি ভোজ বিতরণ করেন।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আতাউর রহমান খানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাহারবাটি ইউপি চেয়ারম্যান গোলাম ফারুক।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ মোরশেদ অতুল, থানা আওয়ামী লীগের ত্রাণ বিষয়ক সম্পাদক আব্দুল গফুর, ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক ওমর আলী, কৃষকলীগের ওয়ার্ড কমিটির সাধারণ সম্পাদক নুরুল ইসলাম।

ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক দারুল ইসলাম এর সার্বিক সহযোগিতায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন তাওহীদুর রহমান মুক্তি,দানেছূর রহমান সহ স্থানীয় আওয়ামী লীগের নেতা কর্মীবৃন্দ।

আলোচনা সভা দোয়া মোনাজাত ও শিশু কিশোর সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে কাঙ্গালি ভোজ বিতরণ করা হয়।